# পল্লী সঞ্চয় ব্যাংক

## প্রধান কার্যালয়

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-৯১/২০২৩-২৪/ ৪৫৪ তারিখ: ২৩ জুলাই, ২০২৩

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, হিসাব বিভাগ, প্রধান কার্যালয়
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

**<u>বিষয়: মূল বেতনের উপর ৫ (পাঁচ) শতাংশ হারে বিশেষ সুবিধা প্রদান।</u>**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ এর বাস্তবায়ন শাখা-১ এর ১৮ জুলাই, ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২ নম্বর প্রজ্ঞাপনের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপরিউক্ত প্রজ্ঞাপনের নির্দেশনা বেতন-ভাতা প্রদানের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। এ সংক্রান্ত খরচের পোস্টিং Special benefit allowance (কোড-৯০১০৩০৩০) থেকে প্রদান করতে হবে।

অনুমোদনক্রমে,

২৩/০৭/২৩
(ইলিয়াস মোহাম্মদ মাসুম বিল্লাহ)
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযুক্তি: ২ (দুই) পাতা

---

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-৯১/২০২৩-২৪/ ৪৫৪ তারিখ: ২৩ জুলাই, ২০২৩

**<u>অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:</u>**

০১) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২) স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর(সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪) বিভাগীয় প্রধান, বাজেট ও হিসাব বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫) প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৬) নথি/মহানথি।

Hossin
23/07/23
(মো: তানবীর হোসেন পাটোয়ারী)
সিনিয়র অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নম্বর: ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ / ১৮ জুলাই ২০২৩

**প্রজ্ঞাপন**

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনস্কেলসমূহের আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পেনশনভোগী ব্যক্তিবর্গকে ০১ জুলাই ২০২৩ তারিখ হতে ৫ (পাঁচ) শতাংশ হারে 'বিশেষ সুবিধা' প্রদান করা হলো। এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে ন্যূনতম ১,০০০ (এক হাজার) টাকা এবং পেনশনভোগীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০০ (পাঁচশত) টাকা হারে প্রদেয় হবে।

২। এ 'বিশেষ সুবিধা' নিম্নরূপভাবে কার্যকর হবে:

(ক) চাকুরিরত কর্মচারীগণ ০১ জুলাই ২০২৩ তারিখ হতে প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের ওপর ৫% হারে, তবে ১,০০০ (এক হাজার) টাকার কম নয়, 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;

(খ) অবসর-উত্তর ছুটিতে (PRL) থাকা কর্মচারীগণ PRL গমনের পূর্বকালীন সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে উপরিউক্ত হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;

(গ) পুনঃস্থাপনকৃত পেনশনারগণসহ সরকার হতে পেনশন গ্রহণকারীগণ প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য নীট পেনশনের ওপর ৫% হারে, তবে ৫০০ (পাঁচশত) টাকার কম নয়, 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;

(ঘ) যে সকল অবসর গ্রহণকারী কর্মচারী তাদের গ্রস পেনশনের ১০০% অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পণ করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন তাদের ক্ষেত্রে এ 'বিশেষ সুবিধা' প্রযোজ্য হবে না;

(ঙ) জাতীয় বেতনস্কেলে নির্ধারিত কোনো গ্রেডে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, এরূপ চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তি পেনশনভোগী হলে নীট পেনশন অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত পদের মূল বেতনের ভিত্তিতে যে কোনো এক ক্ষেত্রে এ সুবিধা প্রাপ্য হবেন;

(চ) সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ সাময়িক বরখাস্ত হওয়ার তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর ৫% হারে এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন; এবং

(ছ) বিনা বেতনে ছুটিতে (Leave without pay) থাকাকালীন কর্মচারীগণ এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।

৩। সরকারের রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান এবং ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদেরকে এ 'বিশেষ সুবিধা' প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মেটাতে হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো; এটি ০১ জুলাই ২০২৩ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮/০৭/২৩

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
অতিরিক্ত সচিব

০৩ শ্রাবণ ১৪৩০

নম্বর-০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২ তারিখ: ———————

১৮ জুলাই ২০২৩

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল সড়ক, ঢাকা/ গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/ সচিব, ..........................................................মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
০৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুন বাগিচা, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব, ..................................................(সকল), অর্থ বিভাগ।
০৭। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ।
০৮। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
০৯। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।
১০। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
১১। মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, ..........................................................(সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ। প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৮/০৭/২৩

(মোহাম্মদ গোলাম কবির)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮১